

যঙ্গেফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৮০

১/ বিবিধ

আরবী

مكارم الأخلاق من أعمال أهل الجنة

منكر

أخرجه ابن أبي الدنيا في " مكارم الأخلاق " (3/12) وابن الأعرابي في " معجمه " (ق 62 - 63) وتمام الرازي في " الفوائد " (ق 1/210) والطبراني في " الأوسط " (6646) والسلفي في " الطيوريات " (1/284) وابن عساكر في " تاريخ دمشق " (2/41/2) والضياء المقدسي في " جزء من حديثه " بخطه (1/121) كلهم من طريق طلق بن السمح المصري: حدثنا يحيى بن أيوب عن حميد الطويل قال: " دخلنا على أنس بن مالك نعوده من وجع أصابه، فقال لجاريته: اطلبني لأصحابنا ولوكسرا فإنني سمعت رسول الله صلى الله عليه وسلم يقول: فذكره قلت: وهذا إسناد ضعيف، طلق بن السمح قال ابن أبي حاتم في " الجرح والتعديل " (2/1/491) : " سألت أبي عنه؟ فقال: شيخ مصرى ليس بمعرفة في " الضعفاء " وقال: " فيه ضعف و قال الذهبى في " الميزان " عقبه: " وقال غيره: محله الصدق إن شاء الله ". وأوردته ومن طريقه رواه ابن أبي حاتم في " العلل " (2/112) وقال: " قال أبي: هذا حديث باطل، وطلق مجهول وأقره الحافظ في ترجمة " طلق " من " التهذيب " ولم يذكر فيه توثيقه عن أحد ولهذا قال في " التقريب " : " مقبول " يعني عند المتابعة، وإنما فلين الحديث كما نص

في "المقدمة"

ومما سبق تعلم أن قول المنذري في "الترغيب
رواه الطبراني في "الأوسط" بإسناد جيد؟ غير جيد، وإن تابعه عليه
الهيثمي في "مجمع الزوائد" (8/177)، وقلدهما المناوي في "شرحه
والغماري في "كنزه"؛ فإن طلقا هذا مجهول الحال، وإن روى عنه جماعة، لأنه
لم يوثقه أحد، هذا مع حكم أبي حاتم على الحديث بالبطلان

বাংলা

১২৮০। সুন্দর আচরণ (সদাচরণ) জান্মাতীদের কর্মের অন্তর্ভুক্ত।

হাদীসটি মুনকার।

হাদীসটি ইবনু আবিদ দুনিয়া "মাকারিমুল আখলাক" গ্রন্থে (৩/১২), ইবনুল আ'রাবী তার "মু'জাম" গ্রন্থে (কাফ ৬২-৬৩), তামামুর রায়ী "আল-ফাওয়াইদ" গ্রন্থে (কাফ ১/২১০), তুবারানী "আল-আওসাত" গ্রন্থে (৬৬৪৬), সিলফী "আততাউরিয়াত" গ্রন্থে (১/২৮৪), ইবনু আসাকির "তারীখু দেমাক্ষ" গ্রন্থে (২/৮১/২), যিয়া মাকদেসী "জুয়েট মিন হাদীসিহি" গ্রন্থে (১/১২১) ত্বলক ইবনুস সামহ মিসরী সূত্রে ইয়াহহিয়া ইবনু আইয়ুব হতে, তিনি হুমায়েদ আত-ত্বীল হতে তিনি বলেনঃ আমরা আনাস ইবনু মালেক (রাঃ)-কে তার ব্যথা জনিত অসুস্থতার জন্য দেখতে গিয়েছিলাম। এ সময় তিনি তার দাসীকে বললেনঃ আমাদের সাথীগণের জন্য যদিও একটি মাংসসহ হাড়ের টুকরা হয় তা অনুসন্ধান কর (নিয়ে আস)। কারণ আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। ত্বলক ইবনুস সামহ সম্পর্কে ইবনু আবী হাতিম "আল-জারহ
অততাদীল" গ্রন্থে (২/১/৪৯১) বলেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজেস করেছিলামঃ তিনি বলেনঃ
তিনি মিসরী শাহিখ পরিচিত নন।

হাফিয় যাহাবী "আয়যুয়াফা" গ্রন্থে বলেনঃ তার মধ্যে দুর্বলতা রয়েছে।

তার সূত্রে হাদীসটি ইবনু আবী হাতিম "আল-ইলাল" গ্রন্থে (২/১১২) বর্ণনা করে বলেছেনঃ আমার পিতা বলেনঃ এ
হাদীসটি বাতিল। আর ত্বলক মাজভুল (অপরিচিত)।

হাফিয় ইবনু হাজার "অততাহ্যীব" গ্রন্থে ত্বলকের জীবনী আলোচনা করতে গিয়ে তার এ কথাকে সমর্থন করেছেন
এবং তাকে কেউ নির্ভরযোগ্য আখ্যা দিয়েছেন একেব কথা উল্লেখ করেননি। এ কারণে তিনি "আত-তাকরীব" গ্রন্থে
বলেছেনঃ অন্য কেউ তার সাথে বর্ণনা করার সময় তিনি গ্রহণযোগ্য, অন্যথায় তিনি হাদীসের ক্ষেত্রে দুর্বল।

মুনয়েরী যে, “আত-তারগীব” গ্রন্থে বলেছেনঃ ত্বরানী ভাল সনদে হাদীসটি বর্ণনা করেছেন, তার এ কথাটি ভাল (সঠিক) নয়। যদিও হায়সামী “মাজমাউয় যাওয়াইদ” গ্রন্থে (৮/১৭৭) এ ব্যাপারে তার অনুসরণ করেছেন। আর মানবী তাদের দু'জনের অন্ব অনুসরণ করেছেন এবং গুমারীও তার “কানয়” গ্রন্থে তাই করেছেন। কারণ এ ত্বলক মাজভুলুল হাল (তার অবস্থা সম্পর্কে জানা যায় না) যদিও তার থেকে একদল হাদীস বর্ণনা করেছেন। কারণ তাকে কেউ নির্ভরযোগ্য আখ্যা দেননি। আর আবু হাতিম তো হাদীসটিকে বাতিল বলেই ছরুম লাগিয়েছেন।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওয়াইদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72159>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন